দৈনিক বাংলা

তারিখ ২৭/২/৮৩

0 7 ৩২

# বহু প্রাথমিক শিক্ষকের কাজে যোগদান

দেশের বিভিন্ন স্থানে বিপুল সংখ্যক প্রাথমিক শিক্ষক ক্লাসে যোগ দিয়েছেন। সরকারী সূত্রের উদ্ধৃতি দিয়ে বাসস গতকাল এ খবর দিয়েছে।

প্রাথমিক শিক্ষা অর্ডিনান্স ১৯৮১ জারি করে সরকার শিক্ষকদের সকল দাবী মেনে নেয়ায় নারায়ণগঞ্জ প্রাথমিক স্কুল শিক্ষক সমিতি বৃহস্পতিবার এক জরুরী বৈঠকে মিলিত হয়ে কাজে যোগদানের সিদ্ধান্ত নিয়েছেন।

সমিতির সভাপতি জনাব আবদুল হাকিমের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে মত প্রকাশ করা হয় যে অর্ডিনান্সের অধীনে প্রাথমিক শিক্ষকরা সরকারী কর্মচারী থাকবেন।

পটুয়াখালী থেকে পাওয়া রিপোর্টে প্রকাশ জেলার ১১টি থানার ৬৯টি স্কুল বৃহস্পতিবার থেকে খুলেছে। গতকাল আরও বহু প্রাথমিক স্কুলের শিক্ষকদের কাজে যোগদানের কথা।

আর এক খবরে জানা গেছে যে চট্টগ্রাম জেলার উখিয়া থানার স্কুলগুলোও পুনরায় খুলেছে।